

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩৮

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি আল্লাহর জন্য গোপনে দান করে অথবা গোপনে তাহাজ্জুদ সালাত আদায় করে, তাকে মহান আল্লাহ ভালবাসেন

ذِكْرُ مَحَبَّةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمُتَصَدِّقِ إِذَا تَصَدَّقَ لِلَّهِ سِرًّا أَوْ تَهَجَّدَ لِلَّهِ سِرًّا

আরবী

3338 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مَنْصُورٍ عَنْ رَبِيعٍ بْنِ حِرَاشٍ عَنْ أَبِي ظَبْيَانَ عَنْ أَبِي ذَرٍّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (ثَلَاثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ وَثَلَاثَةٌ يُبْغِضُهُمُ اللَّهُ أَمَّا الَّذِينَ يُحِبُّهُمُ اللَّهُ فَرَجُلٌ أَتَى قَوْمًا فَسَأَلَهُمْ بِاللَّهِ وَلَمْ يَسْأَلَهُمْ بِقَرَابَةٍ بَيْنَهُمْ وَبَيْنَهُ فَتَخَلَّفَ رَجُلٌ بِأَعْقَابِهِمْ فَأَعْطَاهُ سِرًّا لَا يَعْلَمُ بِعَطِيَّتِهِ إِلَّا اللَّهُ وَالَّذِي أَعْطَاهُ وَقَوْمٌ سَارُوا لَيْلَتَهُمْ حَتَّى إِذَا كَانَ النَّوْمُ أَحَبَّ إِلَيْهِمْ مِمَّا يَعْدِلُ بِهِ نَزَلُوا فَوَضَعُوا رُءُوسَهُمْ وَقَامَ يَتَمَلَّقُنِي وَيَتْلُوا آيَاتِي وَرَجُلٌ كَانَ فِي سَرِيَّةٍ فَلَقِيَ الْعَدُوَّ فَهَزِمُوا وَأَقْبَلَ بِصَدْرِهِ حَتَّى يُقْتَلَ أَوْ يُفْتَحَ لَهُ وَثَلَاثَةٌ يُبْغِضُهُمُ اللَّهُ: الشَّيْخُ الزَّانِي وَالْفَقِيرُ الْمُخْتَالُ وَالْغَنِيُّ الظُّلُومُ)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3338 | خلاصة حكم المحدث: ضعيف - ((التعليق الرغيب)) (2/32) , ((المشكاة)) (1922/التحقيق الثاني) , وقد صح عن أبي ذر بسياق آخره ليس فيه الأول , والثاني من الثلاثة الأول , وقال في الثلاثة الذين يبغضهم الله: ((والفخور المختال , والبخيل المنان , والبيع الحلاف)).

বাংলা

৩৩৩৮. আবু যার গিফারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তিন শ্রেণির মানুষকে আল্লাহ পছন্দ করেন এবং তিন শ্রেণির মানুষকে তিনি অপছন্দ করেন। যাদের

তিনি পছন্দ করেন, তারা হলেন, (১) এক ব্যক্তি এক কওমের কাছে এসে আল্লাহর ওয়াস্তে সাহায্য চান। তার ও তাদের মাঝে আত্মীয়তার সম্পর্ক থাকার কারণে সে তাদের কাছে সাহায্য চায়নি। তারপর এক ব্যক্তি তাদের পিছনে যায় এবং তাকে গোপনে দান করেন, যে দানের কথা আল্লাহ ও যাকে দান করেছে সে ছাড়া আর কেউ জানে না। (২) একদল লোক রাতে সফর করে। অতঃপর যখন ঘুম তাদের কাছে ঘুমের সমপর্যায়ভুক্ত যে কোন জিনিস অপেক্ষা প্রিয় হয়, তখন তারা যাত্রা বিরতি দেয় এবং তারা মাথা এলিয়ে দিয়ে ঘুমিয়ে যায়। এমন সময় এক ব্যক্তি দাঁড়িয়ে যায় আমার কাছে প্রার্থনা করার জন্য এবং সে আমার আয়াতসমূহ তিলাওয়াত করে। (৩) আরেক ব্যক্তি যে একটি ছোট বাহিনীতে থাকে। অতঃপর সে শত্রুর মুখোমুখি হয়। তার সঙ্গীরা পরাস্ত হয়। আর সে বুক উঁচিয়ে সামনে অগ্রসর হয়। এভাবে এক পর্যায়ে সে নিহত হয় অথবা বিজয় দেওয়া হয়। আর যেই তিনজনকে আল্লাহ ঘৃণা করেন, তারা হলেন, বৃদ্ধ ব্যভিচারী, অহংকারী দরিদ্র ও অত্যাচারী ধনী।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৫৬৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৫৬; মুসনাদ আহমাদ: ৫/১৫৩; নাসাঈ: ৫/৮৪; হাকিম: ২/১১৩; আত তায়ালিসী: ৪৬৮; তাবারানী: ১৬৩৭; সুনান বাইহাকী: ৯/১৬০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীকুর রাগীব:২/৩২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92671>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন